# জনগণের সুরক্ষার জন্য তাঁদের প্রতি

# অনুরোধ

- ইলেকট্রিক ইস্ত্রি করার সময় শুকনো হাতে এবং রবারের চটি পরে ইস্ত্রি করবেন
- কাউকে বিদ্যুৎ স্পৃষ্ট হতে দেখলে তাঁকে স্পর্শ করবেন না। শুকনো বাঁশ বা কাঠ দিয়ে উক্ত ব্যক্তিকে ছাড়াবার চেষ্টা করবেন
- কোথাও বিদ্যুৎ পরিবাহী ছেঁড়া তার পড়ে থাকলে নিজে স্পর্শ করবেন না বা অন্যকেও স্পর্শ করতে না দিয়ে নিকটবর্তী বিদ্যুৎ বন্টন কোম্পানীর অফিসে খবর দিন
- জলমগ্ন এলাকায় বিদ্যুতের তার ছিঁড়ে পড়লে, সেই স্থান থেকে নিজেকে এবং অপরকে দূরে সরিয়ে রাখুন

সুরক্ষা দপ্তর

**WBSEDCL**
বিদ্যুতের সাথে প্রগতির পথে

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)

# জনগণের সুরক্ষার জন্য তাঁদের প্রতি অনুরোধ

- বিদ্যুৎ পরিবাহী তার থেকে হুকিং বা ট্যাপিং করে বিদ্যুৎ চুরি করতে গেলে প্রাণের ভয় থাকে। এ ধরনের কু-কর্মে লিপ্ত হবেন না
- বিদ্যুৎ পরিবাহী লাইনে গাছ ভেঙ্গে পড়লে সেই স্থান থেকে দূরে থাকুন
- বিদ্যুৎ পরিবাহী লাইনে খেলাচ্ছলে ছেলেমেয়েরা যাতে পাট বা গাছের ডাল ছুঁড়ে না মারে সেদিকে নজর রাখুন
- শুধুমাত্র লাইসেন্সপ্রাপ্ত ইলেক্‌ট্রিশিয়ানকে দিয়েই বাড়ির বৈদ্যুতিক কাজ করান

সুরক্ষা দপ্তর

WBSEDCL

বিদ্যুতের সাথে প্রগতির পথে

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড

(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)

WEST BENGAL STATE ELECTRICITY DISTRIBUTION COMPANY LIMITED ESTD 2007

# জনগণের সুরক্ষার জন্য তাঁদের প্রতি অনুরোধ


- ভেজা হাতে ইলেক্‌ট্রিক সুইচ বোর্ডে হাত দেবেন না
- ভেজা জামাকাপড় ইলেক্‌ট্রিক তারে মেলবেন না
- টিভি-র সুইচ্‌-অফ্‌ করে অ্যান্টেনাতে হাত দেবেন
- ইলেক্‌ট্রিক সুইচ বোর্ডে প্লাগ লাগাবার সময় কানেক্‌শন অফ্‌ করে লাগাবেন

সুরক্ষা দপ্তর

**WBSEDCL**
বিদ্যুতের সাথে প্রগতির পথে

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)

# কৃত্রিম শ্বাস
## (মুখ থেকে মুখে)



### ১. যদি প্রয়োজন হয় তবে গলা ও মুখের ভিতর পরিস্কার করুন

চিৎ করে মাটিতে শোয়ান। মাথাটা এক পাশে হেলিয়ে রাখুন ও হাতের আঙুল দিয়ে গলা ও মুখের মধ্যে কিছু থাকলে তা পরিস্কার করুন।



### ২. মাথাটি পিছনের দিকে হেলান

এক হাতে মুখমন্ডলের চোয়াল ধরে অন্য হাতে কপালের দিকে ধরে যতটা পারা যায় মাথাটি পিছনের দিকে হেলাতে হবে যাতে মুখের হাঁ--টি উপরের দিকে উঠে আসে ও শ্বাস নালী পুরোপুরি খোলা থাকে।

### ৩. ফুসফুসে হাওয়া প্রেরণ

গভীর নিঃশ্বাস নিয়ে তড়িতাহতের হাঁ--করা মুখে মুখ দিয়ে তার মুখ সম্পূর্ণ ঢেকে সজোরে ফুঁ দিতে হবে



### বি.দ্র. ১

বুক না ফুলে উঠলে বুঝতে হবে শ্বাসনালীতে কোন কিছু আটকে আছে। সেক্ষেত্রে রোগীকে উপুড় করে শুইয়ে মাথা নিচের দিকে ঝুলিয়ে জিব টেনে বের করে পিঠে জোরে জোরে চাপড় দিলে তা বেরিয়ে যাবে।



### বি.দ্র. ২

যদি রোগীর বুক ফুলে উঠে ও রোগীর বমির প্রবণতা হয় তখন তার মাথা একদিকে কাত করে তার পেটে বার বার ধিরে ধিরে চাপ দিতে হবে যাতে পেট, গলা, ও মুখ তাড়াতাড়ি পরিস্কার হয় যা তাড়াতাড়ি শ্বাস প্রশ্বাসের সাহায্য করবে।



### ৪. প্রশ্বাস বেরোতে দিতে হবে

রোগীর বুকের দিকে লক্ষ্য রাখতে হবে। বুক ফুলে উঠলে হাওয়া দেওয়া বন্ধ করে দ্রুত মুখ সরিয়ে নিতে হবে, যাতে রোগীর প্রশ্বাস বেরোতে পারে। হাওয়া দেওয়ার সময় বুক ফুলে না উঠলে মাথা ও চোয়ালের অবস্থান সঠিক করে নিয়ে আরও জোরে ফুঁ দিতে হবে। হাওয়া দেওয়া ও বের হওয়া এই চক্র ১২ বার ও ছোটদের ক্ষেত্রে ২০ বার চালানো যেতে পারে

সুরক্ষা দপ্তর

**WBSEDCL**

বিদ্যুতের সাথে প্রগতির পথে

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড

(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)